
ভোরের কাগজ  ঢাকা ■ মঙ্গলবার ■ ১৩ ফেব্রুয়ারি ২০২৪



*নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আয়োজিত অ্যাম্বাসেডর টক সিরিজে কোরিয়ার রাষ্ট্রদূত অংশগ্রহণকারী অন্য অতিথিদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন। বিজ্ঞপ্তি*

North South University Library
SEEK KNOWLEDGE
NORTH SOUTH UNIVERSITY
★1992★

### এনএসইউতে কোরিয়ার রাষ্ট্রদূত

# কোরিয়া-বাংলাদেশের সম্পর্ক আরো সমৃদ্ধ করার সময় এসেছে

বাংলাদেশে নিযুক্ত কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং-সিক বলেছেন, 'এখন কোরিয়া ও বাংলাদেশ উভয়ের জন্যই সময় এসেছে আগামী পঞ্চাশ বছরের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো সমৃদ্ধ করার'।

তিনি বলেন, 'আমরা আঞ্চলিক ও বৈশ্বিক চ্যালেঞ্জের সমাধানের জন্য বৃহত্তর ভূমিকা ও দায়িত্ব গ্রহণ করতে চাই এবং স্বাধীনতা, গণতন্ত্র, মানবাধিকার এবং আইনের শাসনসহ সার্বজনীন মূল্যবোধ সংরক্ষণ করতে চাই'।

নর্থ সাউথ ইউনিভার্সিটির সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্স (এসআইপিজি) সেন্টার ফর পিস স্টাডিজ এবং অফিস অব এক্সটারনাল অ্যাফেয়ার্স আয়োজিত অ্যাম্বাসেডর টক সিরিজে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন রাষ্ট্রদূত পার্ক ইয়ং-সিক।

'আধুনিক কোরিয়া : ইতিহাস, গণতন্ত্র, অর্থনীতি, শান্তি ও নিরাপত্তা' শীর্ষক এই আয়োজনে সভাপতিত্ব করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর আতিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অফিস অব এক্সটারনাল অ্যাফেয়ার্সের পরিচালক ড. ক্যাথরিন লি। সিপিএস সমন্বয়ক ড. আব্দুল ওহাবের স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। বিজ্ঞপ্তি

পার্ক ইয়ং-সিক বলেন, কোরিয়ার উদ্ভাবনের প্রতি দ্বায়বদ্ধতার পাশাপাশি এই খাতে গবেষণা ও বিনিয়োগ কোরিয়ার অর্থনৈতিক উন্নয়ন এবং বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে স্মার্টফোন শিল্প, সেমিকন্ডাক্টর শিল্প অন্যান্য ক্ষেত্রে প্রতিযোগিতার সুযোগ করে দিয়েছে।

তিনি আরো উল্লেখ করেন, কোরিয়া ভাগের পর ৭৮ বছর অতিবাহিত হলেও দুই কোরিয়া একীকরণের জন্য সমর্থন দ্রুত হ্রাস পাচ্ছে। দক্ষিণ কোরিয়ার তরুণ প্রজন্ম মনে করে যে উত্তর কোরিয়া এখন একটি আলাদা দেশ, যা শুধুমাত্র সমস্যা সৃষ্টি করছে এবং তা দক্ষিণ কোরিয়ার জন্য সহায়ক নয়।